

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, লালমনিরহাট।
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.lalmonirhat.gov.bd

নং- ০৫.৪৭.৫২০০.০২৪.৪৭.০০১.১৬-৬৭৭(১৫)

১০ ভাদ্র, ১৪৩১
তারিখ: -----
২৫ আগস্ট, ২০২৪

গণবিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের ২৫ আগস্ট ২০২৪ খ্রি. তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৩৩০ নম্বর পত্রে জারিকৃত প্রজ্ঞাপনের নির্দেশনার আলোকে বিগত ০৬ জানুয়ারি ২০০৯ হতে ০৫ আগস্ট ২০২৪ পর্যন্ত লালমনিরহাট জেলা ম্যাজিস্ট্রেসি হতে ব্যক্তিগত নিরাপত্তার জন্য প্রদত্ত সকল আগ্নেয়াস্ত্রের লাইসেন্স (কর্মরত সামরিক-অসামরিক কর্মকর্তা ব্যতীত) স্থগিত করা হলো। আগামী ০৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে সেসকল লাইসেন্সের বিপরীতে ক্রয়কৃত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ লাইসেন্স গ্রহীতাকে নিজে/মনোনীত প্রতিনিধির মাধ্যমে লাইসেন্স গ্রহীতার স্থায়ী ঠিকানায় অথবা বর্তমান বসবাসের ঠিকানার নিকটস্থ থানায় জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

উক্ত তারিখের মধ্যে কোন অস্ত্র/গোলাবারুদ থানায় জমা না দেওয়া হলে অবৈধ অস্ত্র হিসেবে গণ্য করে অস্ত্র আইনে মামলা হবে। ইতোমধ্যে যাদের আগ্নেয়াস্ত্র থানা, জেলা ট্রেজারি ও আর্মস ডিলারদের নিকট জমা রাখা আছে; তাদের ক্ষেত্রে অস্ত্র জমাদানের বিষয়টি প্রয়োজ্য হবেনা।

২। এ আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



(মোহাম্মদ উল্লাহ)
জেলা ম্যাজিস্ট্রেট
লালমনিরহাট।
ফোনঃ ০৫৯১-৬২০২০
dclalmonirhat@mopa.gov.bd

নং- ০৫.৪৭.৫২০০.০২৪.৪৭.০০১.১৬-৬৭৭(১৫)

১০ ভাদ্র, ১৪৩১
তারিখ: -----
২৫ আগস্ট ২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ০৪। পুলিশ সুপার, লালমনিরহাট।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর/আদিতমারী/কালীগঞ্জ/হাতীবান্ধা/পাটগ্রাম, লালমনিরহাট (গণবিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)।
- ০৬। অফিসার ইন চার্জ, সদর/আদিতমারী/কালীগঞ্জ/হাতীবান্ধা/পাটগ্রাম থানা, লালমনিরহাট।
- ০৭। জেলা তথ্য অফিসার, লালমনিরহাট লালমনিরহাট (গণবিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)।


(মোহাম্মদ উল্লাহ)
জেলা ম্যাজিস্ট্রেট
লালমনিরহাট।
ফোনঃ ০৫৯১-৬২০২০
dclalmonirhat@mopa.gov.bd